

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার
বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৪৮.১৯.১৬৫

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৬

১২ সেপ্টেম্বর ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৩৩৭৯/২০১৮ মামলায় সরকার পক্ষে জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ১৮.১২.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকেমহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: নুরুল আমীন, চেয়ারম্যান, ম্যানেজিং কমিটি, বার ডালিম দাখিল মাদরাসা, থানা: বাউফল, জেলা: পটুয়াখালি কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৩৩৭৯/২০১৮ মামলাটি দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী জনাব মো: নুরুল আমীন কর্তৃক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৫২.১৮-২৫, তারিখ: ১৮.০১.২০১৮ খ্রি:-কে চ্যালেঞ্জ করা হয়েছে। রুল নিশির বর্ণনামতে বার ডালিম দাখিল মাদরাসা, থানা: বাউফল, জেলা: পটুয়াখালি এর সুপার জনাব আব্দুস সালাম এবং সহকারী সুপার জনাব আব্দুল হাকিম এর নিজ নিজ পদে পুনর্বহাল, পূর্ণ বেতন এবং তাদের সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের দাবীতে রিট পিটিশন নং-১৩৩৭৯/২০১৮ মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট এবং মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ৪ নং রেসপনডেন্টসহ মোট ০৯ (নয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে মহামান্য আদালতে *Affidavit in opposition* দাখিলসহ জরুরীভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ আবশ্যিক।

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৩৩৭৯/২০১৮ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) দাখিলসহ (ইতোপূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ৩০.০৯.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে তথ্য প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১২-৯-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১৪৮.১৯.১৬৫/১(৭)

তারিখ: ২৮ ভাদ্র ১৪২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১২ শেপ্তেম্বর ২০১৯

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিসটেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



১২-৯-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)